কোটচাঁদপুরে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে ছেলেসহ বাবা-মাকে পিটিয়ে জখম

ঝিনাইদহের কোটচাঁদপুরে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে ছেলেসহ বাবা- মাকে পিটিয়ে জখম করেছে পরিবারের সদস্যরা। সোমবার বেলা ১২ টার দিকে উপজেলার কুশনা ইউনিয়নের তালশার গ্রামের উত্তর পাড়ায় এ ঘটনা ঘটে। হামলার স্বীকার হলেন, ওই এলাকার মৃত আব্দুল কারীর ছেলে রবিউল ইসলাম (৫০) ও তার স্ত্রী শেফালী খাতুন (৪৫), বড় ছেলে রুবেল হোসেন (২৩), ছোট ছেলে সোহেল (১৬), রুবেলের স্ত্রী রানী খাতুন
(১৮) এবং জামাই শোয়েব আলম রনি (৩০)।

আহতদের পরিবার সূত্রে জানা যায়, রবিউল ইসলামের জামাই শোয়েব আলম রনি শ্বশুরের কাছ থেকে জমি লিজ নিয়ে চাষাবাদ করেন। ঘটনার দিন (সোমবার) সকালে ওই জমিতে আগাছা পরিস্কার করতে গেলে চাচা শ্বশুর আবুল হোসেন এবং তার দুই ছেলে আনিস ও শাহিনুর জমিতে কাজ করতে বাঁধা দেন। রনি বিষয়টি শ্বশুর রবিউল ইসলামকে জানান। পরে ঘটনার বিষয় নিয়ে রবিউল তার ভাই আবুল হোসেনের নিকট জানতে চান।

এ সময় উভয়ের মধ্যে কথা কাটাকাটির এক পর্যায়ে অভিযুক্ত আবুল ও তার দুই ছেলে আনিস ও শাহিনুর তাদের উপর চড়াও হয়। পরে তাদের সাথে ওই এলাকার খাঁ জামানের ছেলে খলিল মিয়া, জুলু ইসলামের ছেলে তরিকুল ইসলাম, রুহুল আমিনের ছেলে রিপন হোসেন দেশীয় কুড়াল, বাঁশ ও ক্রিকেট খেলার ব্যাট নিয়ে রবিউল ও তার স্ত্রী এবং দুই ছেলে, ছেলের বৌ ও জামাইয়ের উপর হামলা চালায়। সেই সাথে বাড়ির আসবাব পত্র ভাংচুর করে। হামলায় একই পরিবারের ৬ জন আহত হন।

এঘটনায় গুরতর আহত রুবেল হোসেন কোটচাঁদপুর স্বাস্থ্যকমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন। এঘটনায় রবিউল ইসলাম বাদী হয়ে কোটচাঁদপুর থানায় অভিযুক্তদের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছেন।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম জানান, মারামারির ঘটনায় লিখিত অভিযোগ পেয়েছি। ঠিক তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহণ করা হবে।

[redacted]

[redacted]

পণ্য বিক্রির অপরাধে দোকান মালিককে এক লাখ টাকা জরিমানা : মালামাল ধ্বংস

চুয়াডাঙ্গায় মেয়াদোত্তীর্ণ পণ্য বিক্রির অপরাধে জনি স্টোরের মালিককে এক লাখ টাকা জরিমানা করা হয়েছে। একই সঙ্গে দোকানের মেয়াদোত্তীর্ণ মালামাল ধ্বংস করা হয়েছে।

সোমবার দুপুরে চুয়াডাঙ্গা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতরের সহকারী পরিচালক সজল আহম্মেদের নেতৃত্বে চুয়াডাঙ্গা শহরের রাহেলা খাতুন গার্লস একাডেমির পাশে জনি স্টোরে এ অভিযান চালানো হয়।

চুয়াডাঙ্গা জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতরের সহকারী পরিচালক সজল আহম্মেদ বলেন, জনি স্টোরের মালিক বিভিন্ন কোম্পানির নামে ও বেনামে লেবেল ব্যবহার করে তার ব্যবসা চালিয়ে আসছিলেন। শুধু তাই নয়, দীর্ঘদিন ধরে তিনি মেয়াদোত্তীর্ণ বিভিন্ন কোম্পানির মালামাল এবং বাচ্চাদের খাবার মালাই ও আচার বিক্রি করতেন। এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালানো হয়।

এ সময় প্রমাণসহ মেয়াদোত্তীর্ণ সমস্ত মালামাল উদ্ধার করা হয়। এ ধরনের অপরাধে জনি স্টোরের মালিক চুয়াডাঙ্গা শহরতলির দৌলতদিয়াড় স্কুলপাড়ার হামিদুর রশিদ জনিকে এক লাখ টাকা জরিমানা করা হয় এবং জব্দকৃত মালামাল ধ্বংস করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা দোকান মালিক সমিতির সাবেক সাধারণ সম্পাদক সালাউদ্দিন চান্নু ও চুয়াডাঙ্গা সদর থানার পুলিশের একটি চৌকস টিম।

প্রধানমন্ত্রীর জন্মদিন

উপলক্ষে কুষ্টিয়ায় তাঁতীলীগের উদ্যোগে নানা আয়োজন

বাংলাদেশ তাঁতী লীগ কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সিনিয়র সহ-সভাপতি এ্যাড. নিজামুল হক চুন্নু বলেছেন, জননেত্রী শেখ হাসিনা দেশ এবং দেশের মানুষের উন্নয়নের জন্য কাজ করে যাচ্ছেন। শেখ হাসিনার নেতৃত্বে দেশ এখন মধ্যম আয়ের দেশে পরিণত হয়েছে।

তিনি সোমবার বিকেলে বাংলাদেশ তাতীলীগ কুষ্টিয়া জেলা শাখা কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৪তম জন্মদিন উপলক্ষে কেক কাটা ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

তিনি বলেন, সারা দেশের পাশাপাশি কুষ্টিয়ায় ব্যাপক উন্নয়ণমূলক কর্মকাণ্ড করতে সক্ষম হয়েছে এ সরকার।

এসব উন্নয়ন হয়েছে কেবল প্রধানমন্ত্রীর আস্থাভাজন কুষ্টিয়ার উন্নয়নের রূপকার মাহবুবউল আলম হানিফ এমপির ঐকান্তিক প্রচেষ্টায়।

তিনি আরো বলেন, বর্তমান সরকারের উন্নয়নের অগ্রযাত্রার শরীক হতে তাঁতীলীগ একনিষ্ঠ ভাবে কাজ করছে। প্রান্তিক তাঁতীদের কল্যাণে কাজ করতে তাঁতীলীগ বদ্ধ পরিকর।
বাংলাদেশ আওয়ামী লীগের

সহযোগী সংগঠনের মধ্যে সবচেয়ে শক্তিশালী সংগঠন হবে এই তাঁতীলীগ এমন প্রসঙ্গ টেনে এই নেতা বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাতে গড়া এ সংগঠন। তাই সহযোগী সংগঠনের সকল নেতাকর্মীকে ঐক্যবদ্ধ ভাবে দলের জন্য কাজ করার আহবান জানান তিনি।

বাংলাদেশ তাঁতী লীগ জেলা শাখার আহবায়ক রুহুল আমিনের সভাপতিত্বে ও সদস্য সচিব হাজী হারুন-অর রশিদের পরিচালনায় উপস্থিত থেকে বক্তব্য রাখেন বাংলাদেশ তাতীলীগ কুষ্টিয়া জেলা কমিটির সিনিয়র যুগ্ম আহবায়ক সরোয়ার হোসেন, যুগ্ম আহবায়ক আবু হাসান লিটন, শহীদুল ইসলাম, বিপুল হোসেন, হাবিবুর, স্মৃতি, কণা, রাণী বিশ্বাসসহ অন্যরা।
পরে দোয়া মোনাজাত শেষে কেক কাটা হয়।

এসময় জেলা ও বিভিন্ন উপজেলার নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদের উদ্যোগে প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিন পালন

সোমবার সন্ধ্যায় গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদের উদ্যোগে কেক কাটা, আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের মধ্যে দিয়ে পালিত হলো প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৪ তম জন্মদিন।
সোমবার সাড়ে ছয়টার দিকে কাথুলী ইউনিয়ন পরিষদের আয়োজনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মিজানুর রহমান রানার সভাপতিত্বে অনুষ্ঠিত জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভায় বক্তব্য রাখেন মোজাম্মেল হোসেন ককাথুলী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারনণ সম্পাদক ইউপি সদস্য ইলিয়াস হোসেন, কালাম হোসেন মহিলা সদস্য বাবিরন নেছা ও কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক রেজাউর রহমান সহ ছাত্রলীগ যুবলীগ সহ আরো অনেকে।

উক্ত অনুষ্ঠানে মিজানুর রহমান রানা প্রধানমন্ত্রীর দীর্ঘায়ু কামনা করেন।তার পরিবারের সকলের আন্তার মাগফিরাত কামনা করে বক্তব্য শেষ করেন।

জীবননগর হাসাদাহে সেচ্ছাসেবী মূলক সংগঠন সহযাত্রীর শুভ

সূচনা

প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ৭৪ তম জন্ম বার্ষিকী উপলক্ষে জীবননগর হাসাদাহ ইউনিয়ন যুব সমাজের উদ্যোগে একটি স্বেচ্ছাসেবী মূলক সংগঠন সহযাত্রীর শুভ যাত্রা শুরু হয়েছে ।

আমাদের মূলনীতি , দেশ সমাজের উন্নতি এই স্লোগানকে সামনে রেখে এই সে¦চ্ছাসেবী মূলক সংগঠনের পথ চলা শুরু। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে নব গঠিত সংগঠনের সভাপতি অনিক বিশ^◌াসের সভােপিত্ব প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাসাদাহ ইউনিয়ন যুবলীগ সভাপতি জুম্মত মন্ডল , নব গঠিত সংগঠনের সাধারণ সম্পাদক সোহাগ হোসেন।

বিশেষ অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন ৫নং হাসাদাহ ইউনিয়নের ৫নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শুকুর আলী মন্ডল, হাসাদাহ প্রেসক্লাবের সভাপতি ডি.এম মতিয়ার রহমান, সাধারণ সম্পাদক মনিরুজ্জামান রিপন, কোষধাক্য বদরুজ্জামান শ্যামল, প্রচার ও দপ্তর সম্পাদক আল আমিন, আওয়ামী লীগ নেতা শহিদুল ইসলাম, মিন্টু মিয়া।

আরো উপস্থিত ছিলেন নব গঠিত সংগঠনের নেতৃবৃন্দ তানজিনা আক্তার, মামুন, সাগর, অপু, উৎস, তাজু, সাজিব, হাসান, জেসান, কবির, আফ্রিদ, আদি, আল আমিন সাগর আহম্মদ , শিলন আহম্মদ সহ আরো অনেকে। এলাকার গরিব ও অসহায় মানুষের পাশে দাঁড়িয়ে তাদের সকল প্রকার সহযোগিতা করাই এদের মূল লক্ষ্যে।

মেহেরপুরে মাদক ব্যবসায়ীদের তৎপরতা

মেহেরপুরে হটাৎ করেই আবারো বেড়েছে মাদক ব্যবসায়ীদের তৎপরতা। সীমান্ত এলাকায় দু-দেশের মাদক ব্যবসায়ীদের রয়েছে শক্তিশালী সিন্ডিকেট। ফলে জেলা তিন উপজেলার সীমান্ত দিয়ে ঢুকছে মাদকের বড় বড় চালান। ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যঘেষা মেহেরপুরের তিন উপজেলার

সাথে সাথে পরীক্ষা করে প্রমান পেলে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও মাদকের মূল হোতাদের চিহ্নিত করে আইনের আওতায় নেয়া হচ্ছে। ইতোমধ্যে মাদকের একজন মূলহোতাকে আটক করা হয়েছে। বর্তমানে সে কারাগারে আছে।

মাদকের ক্ষেত্রে জিরো টলারেন্স উল্লেখ করে পুলিশ সুপার এস এম মুরাদ আলী বলেন, বর্তমান আইজিপি স্যার আসার পরে মাদক নিয়ন্ত্রণের ক্ষেত্রে পুলিশি তৎপরতা আরো বৃদ্ধি করা হয়েছে। চলতি বছরের ডিসেম্বরের মধ্যেই মাদক নির্মূলের একটি লক্ষ্য নিয়ে কাজ করছি। মাদক নিয়ন্ত্রণে আরো কয়েকটি বিভাগ আছে যেমন, মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিজিবি, র্যাব সবাই একযোগে কাজটা সমন্বয় করে শুরু করতে যাচ্ছি। এছাড়াও তিনি বলেন, আমাদের পুলিশ সদস্যদেরও ডোপ টেস্ট করা হবে। যারা মাদকাশক্ত ধরা পড়বে তাদের বিরুদ্ধে বিভাগীয় কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

কুষ্টিয়া বিজিবি কমান্ডার লে. কর্ণেল ফরহাদ হোসেন চৌধুরী বলেন, বিজিবির কিছু সীমাবদ্ধতা আছে। আমরা চাইলে কাউকে আটকিয়ে রেখে জিজ্ঞাসাবাদ করতে পারিনা। আমরা আসামি ধরার পর সেটা মামলা দিয়ে পুলিশে সোপর্দ করি। পরের ব্যবস্থাটা তারা গ্রহণ করে। এজন্য হয়তো আমরা মূলহোতাদের ধরতে পারছি না। এছাড়াও সীমান্তে মাদক চালানের সময় দেখা যাচ্ছে রাতে মাঠের ভিতর দিয়ে যাচ্ছে। এক্ষেত্রে আমরা অভিযান চালালে মাদক ফেলে তারা পালিয়ে যাচ্ছে। এজন্য আসামি ধরা আমাদের জন্য কঠিন হয়ে পড়ছে। তবে সবসময় এমন হচ্ছে তা না। আমরা আগের চেয়েও বেশ সক্ষম।

গাংনীতে খোলা বাজারে বিক্রি হচ্ছে যৌন উত্তেজক ঔষধ

কোন সরকারি নিয়ম নীতি না মেনেই গাংনীর বিভিন্ন ফার্মেসী, বিভিন্ন হাট-বাজার ও পথে-ঘাটে অবাধে বিক্রি হচ্ছে নানা ধরনের যৌন উত্তেজক ঔষধ। মাইকিংয়ের মাধ্যমে মজমা বসিয়ে ক্রেতাদের আকর্ষণ করে অসাধু ব্যবসায়ীরা নামহীন কোম্পানির এসব ঔষধ বিক্রি

করছে। এদিকে কম দামে এসব ঔষধ কিনে একদিকে যেমন প্রতারিত হচ্ছে গ্রামের সহজ-সরল মানুষ, অন্যদিকে স্বাস্থ্য ঝুঁকিতে পড়ছেন তারা। সংশ্লিষ্ট প্রশাসনিক কোন পদক্ষেপ না থাকায় অবাধে এসব ঔষধ বিক্রি হচ্ছে বলে জানিয়েছেন স্থানীয়রা। তবে প্রশাসন বলছে ব্যবস্থা নেয়া হবে।

নিয়ম অনুযায়ী ড্রাগ লাইসেন্স ছাড়া ঔষধের ব্যবসা পরিচালনা করা আইনত দণ্ডনীয় অপরাধ। নির্দিষ্ট তাপমাত্রা, শুষ্ক ও রোদমুক্ত স্থানে ঔষধ সংরক্ষণ করতে হবে। তাছাড়া চিকিৎসকের ব্যবস্থাপত্র ছাড়া ঔষধ বিক্রি করা দণ্ডনীয় অপরাধ। কিন্তু তা মানা হচ্ছে না। ফার্মেসীতে ও ফুটপাথের হকাররা প্রকাশ্য যৌন উত্তেজক কিং পাওয়ার অয়েল, পাওয়ার সেক্স অয়েল, এনজয় পাওয়ার অয়েল, ম্যাসেজ অয়েল, ডি বাজিকরণ, ম্যাক্স জেড, অ্যাপেক্স, ভিগোসা, সেকলো, লুমিসেক, ডেফরল, ভিটামিন বি-৫০ ফোর্ট, ক্যালসিয়ম-ডি, ভারতীয় যৌন উত্তেজক ট্যাবলেট সেনেগ্রা, এডিগ্রা, মুনিস, ভিগো ফোর্ট ও টার্গেটসহ নানা ধরনের ঔষধ বিক্রি করছে।

বামন্দী বাজরের ঔষধ বিক্রেতা গাড়াডোবের ইমরান রানা জানান, ফুটপাতে ◌্ঔষধ বিক্রি করার নিয়ম নেই। তবে বিভিন্ন কোম্পানির প্রচারে ও পেট বাঁচানোর জন্যই এসব ঔষধ বিক্রি করি। ঔষধ খেয়ে মানুষ উপকার পায় বলেই এ ধরণের ঔষধ চলছে খুব বেশি। প্রশাসনের পক্ষ থেকে আমাদের কেউ কিছু বলে না। একই কথা জানালেন, মাছ বাজারের ঔষধ বিক্রেতা আব্দুল আজিজ ও শালিকার ইসলাম। উত্তেজক ঔষধে আসক্ত কয়েকজনের সঙ্গে কথা বলে জানা যায়, প্রথমে কৌতুহলেই খাওয়া শুরু করেন তাঁরা। ভালো লাগা থেকে এখন আসক্তি ও নেশা। কেউ কেউ বিশেষ শারীরিক ক্ষমতা বাড়াতে চিকিৎসকের পরামর্শে ঔষধ সেবন করেন। পরে ঔষধ না খেলে তাঁরা স্বস্তি পান না।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক এমকে রেজা জানান, উপযুক্ত চিকিৎসকের ব্যবস্থাপত্র ছাড়া কোনো ধরনের ঔষধ সেবন করা ঠিক নয়। এতে শরীরের স্বাভাবিক ক্ষমতা নষ্ট হয়ে যায়। পুরুষ-মহিলাদের মধ্যে ২ থেকে ৫ শতাংশের যৌন দুর্বলতা থাকতে পারে। ৯৫ থেকে ৯৮ শতাংশের মানসিক সমস্যা। সে জন্য বিভ্রান্ত হয়ে উত্তেজক ওষুধ সেবন করেন অনেকে। এসব ওষুধ হৃদরোগ ও কিডনি সমস্যার ঝুঁকি বাড়ায়। দীর্ঘদিন ব্যবহারে দৃষ্টিশক্তি ও স্মৃতিশক্তি কমে যায়। এতে লিভার ও নার্ভ ড্যামেজ হয়ে যাওয়ার আশঙ্কা আছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা রিয়াজুল

ইসলাম জানান, ফার্মেসী ছাড়া বাইরে খোলা বাজারে ঔষধ বিক্রি করার কোন আইন নেই। তাছাড়া প্রেসক্রিপশন ব্যতিরেকে কেউ ঔষধ বিক্রি করলে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার সেলিম শাহনেওয়াজ জানান, বিষয়টি নিয়ে গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার সাথে আলোচনা করে অভিযান চালানো হবে।

করোনায় মৃত্যু ছাড়াল ১০ লাখ

চীনে প্রথম সংক্রমণ শনাক্ত হওয়ার এক বছরেরও কম সময়ের মধ্যে বিশ্বজুড়ে করোনায় প্রাণহানির সংখ্যা ১০ লাখ ছাড়িয়ে গেছে। রোববার প্রাণঘাতী এই ভাইরাসে মৃত্যু ১০ লাখ ছাড়িয়ে গেছে বলে ফরাসী বার্তাসংস্থা এএফপির এক প্রতিবেদনে জানানো হয়েছে।

বিশ্ব অর্থনীতিকে ধ্বংসের দ্বারপ্রান্তে নিয়ে যাওয়া করোনা মহামারি ভূরাজনৈতিক উত্তেজনা বৃদ্ধি, লাখ লাখ মানুষের প্রাণহানির কারণ হয়ে দাঁড়িয়েছে। করোনার তাণ্ডব চলছে ভারতের বস্তি থেকে ব্রাজিলের গহীন অরণ্য অ্যামাজন ও আমেরিকার বৃহত্তম শহর নিউইয়র্কেও। করোনার ভয়াল ছোবল থেকে রেহাই মিলছে না কারও।

মহামারির বিধি-নিষেধ মানুষকে ঘরবন্দি হতে বাধ্য করায় থমকে গেছে বিশ্বের বড় বড় সব ক্রীড়া, বিনোদন অনুষ্ঠান। করোনার বিস্তার ঠেকাতে দেশে দেশে ভ্রমণ নিষেধাজ্ঞা জারি হওয়ায় ভ্রমণপীপাসুরাও আটকা রয়েছেন চার দেয়ালের মাঝে।

করোনাভাইরাসের বিস্তারের গতি ধীর করতে গত এপ্রিলে মানবজাতির অর্ধেক অর্থাৎ প্রায় ৪০০ কোটি মানুষ লকডাউনের বেড়াজালে আটকা পড়েন। লকডাউনের বিধি-নিষেধ শিথিল কিংবা প্রত্যাহার করে নেয়ার পর বিশ্বজুড়ে আবারও এই ভাইরাসের প্রকোপ বেড়েছে, বেড়েছে প্রাণহানিও।

সোমবার ফরাসী বার্তাসংস্থা এএফপির এক পরিসংখ্যানে বলা হয়েছে, রোববার আন্তর্জাতিক সময় রাত সাড়ে ১০টায় বিশ্বজুড়ে করোনায় প্রাণহানির সংখ্যা ১০ লাখ ৯ জনে পৌঁছায়। এছাড়া এই সময়ে আক্রান্ত

রোগীর সংখ্যা ৩ কোটি ৩০ লাখ ১৮ হাজার ৮৭৭ জনে দাঁড়ায়।

বিশ্বে এখন পর্যন্ত করোনায় সবচেয়ে ক্ষতিগ্রস্থ যুক্তরাষ্ট্র; দেশটিতে করোনার সংক্রমণ দ্রুতগতিতে আবারও বাড়তে শুরু করেছে। রোববার জন হপকিন্স বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বলছে, দেশটিতে করোনায় আক্রান্ত রোগীর সংখ্যা ৭০ লাখ ৭৮ হাজার ছাড়িয়েছে। এতে মারা গেছেন ২ লাখ ৯ হাজারের বেশি।

যুক্তরাষ্ট্রের পর করোনায় প্রাণহানির শীর্ষে আছে ব্রাজিল (১ লাখ ৪১ হাজার ৭৭৬ জন), ভারত (৯৫ হাজার ৫৭৪ জন), মেক্সিকো (৭৬ হাজার ৪৩০ জন) ও ব্রিটেন (৪৬ হাজার ৭০৬ জন)।

ইতালির ট্রাক চালক কার্লো চিওডি করোনা মহামারিতে নিজের বাবা- মাকে হারিয়েছেন মাত্র কয়েকদিনের ব্যবধানে। ৫০ বছর বয়সী চিওডি বলেন, আমার যেটা মেনে নিতে খুব কষ্ট হচ্ছে, সেটি হলো- আমি দেখলাম আমার বাবা বাড়ি থেকে বেরিয়ে গিয়ে অ্যাম্বুলেন্সে উঠলেন। আমি শুধুমাত্র তাকে বলতে পেরেছি গুড বাই।

তিনি বলেন, আমার দুঃখ- আমি তাকে বলতে পারিনি বাবা তোমাকে ভালোবাসি। আমার দুঃখ, বাবাকে জড়িয়ে ধরতে পারিনি। এটা এখনও আমাকে পোড়ায়।

করোনাভাইরাসের তাণ্ডব বিশ্বজুড়ে অব্যাহত থাকলেও বিজ্ঞানীরা এখন পর্যন্ত এর কোনও ভ্যাকসিন আবিষ্কার করতে পারেননি। জীবন-জীবিকার মাঝে ভারসাম্য আনতে বিশ্বজুড়ে বিধি-নিষেধে শিথিলতা আনতে বাধ্য হচ্ছে সরকার।

আন্তর্জাতিক মুদ্রা তহবিল করোনাভাইরাসের প্রকোপে বিশ্ব অর্থনীতিতে ভয়াবহ বিপর্যয় নেমে আসতে পারে বলে সতর্ক করে দিয়েছে। বিশ্বের বেশিরভাগ দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ক্রমান্বয়ে সঙ্কুচিত হয়ে আসছে। তবে ইতোমধ্যে বেশ কিছু দেশের অর্থনীতিতে প্রাণ ফিরতে শুরু করেছে। অর্থনৈতিক গতি পুনরুদ্ধারের ধারায় রয়েছে চীন। মহামারির ধাক্কা কাটিয়ে টানা চতুর্থ মাসের মতো গত আগস্টে মুনাফা বেড়েছে চীনা ব্যবসায়ীদের।

করোনার প্রথম ধাক্কায় বিপর্যস্ত ইউরোপে দ্বিতীয় ঢেউ আছড়ে পড়তে শুরু করেছে। করোনার প্রকোপ বৃদ্ধি পাওয়ায় প্যারিস, লন্ডন ও মাদ্রিদের মতো বেশ কিছু শহরে নতুন করে বিধি-নিষেধ আরোপ করা হয়েছে। যেভাবে এসব শহরে করোনার সংক্রমণ বাড়ছে তাতে হাসপাতালে

চিকিৎসাব্যবস্থা ভেঙে পড়তে পারে বলেও সতর্ক করে দিয়েছেন চিকিৎসকরা।

চলতি মাসের মাঝামাঝি সময়ের দিকে বিশ্বজুড়ে করোনার রেকর্ড সংক্রমণ শনাক্ত হয়েছে বলে জানিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা। ঐক্যবদ্ধভাবে মহামারি মোকাবিলার কৌশল না নেয়া হলে বিশ্বজুড়ে ভ্যাকসিন আসার আগেই প্রাণহানির সংখ্যা ২০ লাখ ছাড়িয়ে যেতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছে সংস্থাটি।

গত বছরের ৩১ ডিসেম্বর চীনের হুবেই প্রদেশের উহানে প্রথমবারের মতো সার্স-কোভ-২ ভাইরাস শনাক্ত হয়। প্রাদুর্ভাবের কেন্দ্রস্থল উহান থেকে বিশ্বের দুই শতাধিক দেশ ও অঞ্চলে ছড়িয়ে পড়েছে এই ভাইরাস। তবে এর উৎপত্তি নিয়ে এখনও অস্পষ্টতা থাকলেও অনেক বিজ্ঞানী বলছেন, বাদুড়ের শরীর থেকে অন্য কোনও স্তন্যপায়ী প্রাণী হয়ে মানুষের দেহে ভাইরাসটি ছড়িয়েছে।

উহানে এই ভাইরাস শনাক্ত হওয়ার পর জানুয়ারিতে কঠোর লকডাউন জারি করা হয়। গত ১১ মার্চ বিশ্বের শতাধিক দেশে ছড়িয়ে পড়ার পর বিশ্ব স্বাস্থ্য সংস্থা করোনাভাইরাস মহামারি ঘোষণা করে।

সূত্র- জাগো নিউজ২৪.কম

অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলমের জানাজা অনুষ্ঠিত

প্রয়াত অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলমের জানাজা অনুষ্ঠিত হয়েছে। সোমবার বেলা সাড়ে ১১টার দিকে সুপ্রিম কোর্ট গার্ডেনে তার জানাজা অনুষ্ঠিত হয়। প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন, আইনমন্ত্রী আনিসুল হক, সুপ্রিম কোর্টের উভয় বিভাগের বিচারপতিবৃন্দ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী শ ম রেজাউল করিম, রেলমন্ত্রী নুরুল ইসলাম সুজন, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস, আইজিপি বেনজীর আহমদসহ সুপ্রিম কোর্টের আইনজীবীরা জানাজায় অংশগ্রহণ করেন। পরে রাষ্ট্রপতি ও

প্রধানমন্ত্রীর পক্ষ থেকে কফিনে শ্রদ্ধা নিবেদন করা হয়।

জানাজা শেষে মরদেহ মিরপুরে বুদ্ধিজীবী কবরস্থানে দাফন করা হবে। এর আগে গতকাল সন্ধ্যায় রাজধানীর সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) চিকিৎসাধীন অবস্থায় মাহবুবে আলম ইন্তেকাল করেন। করোনাভাইরাসে (কভিড-১৯) আক্রান্ত হওয়ার পর হার্ট অ্যাটাক হয়েছিল তার।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যা মামলা, সংবিধানের পঞ্চম, সপ্তম ও ত্রয়োদশ সংশোধনী মামলা, যুদ্ধাপরাধী কাদের মোল্লা, দেলাওয়ার হোসাইন সাঈদী, মুহাম্মদ কামারুজ্জামান, আলী আহসান মোহাম্মদ মুজাহিদ, সালাউদ্দিন কাদের চৌধুরীর মতো মানবতাবিরোধী অপরাধীদের মামলা, পিলখানা হত্যাকান্ড মামলার মতো গুরুত্বপূর্ণ বিভিন্ন মামলা রাষ্ট্রপক্ষে পরিচালনা করেছেন মাহবুবে আলম।

২০০৯ সালের ১৩ জানুয়ারি বাংলাদেশের অ্যাটর্নি জেনারেলের দায়িত্বে নিযুক্ত হন তিনি। ২০১৪ সালের ১৩ জানুয়ারি অ্যাটর্নি জেনারেল পদে পাঁচ বছর পূর্ণ হয় তার। এরপর আরেক দফায় মেয়াদ বাড়িয়ে তাকে এই পদে বহাল রাখা হয়। আমৃত্যু তিনি এই দায়িত্ব পালন করেছেন। বাংলাদেশের ইতিহাসে এত দীর্ঘ মেয়াদে আর কোনো অ্যাটর্নি জেনারেলের দায়িত্ব পালনের রেকর্ড নেই।

সূত্র- বিডি প্রতিদিন